# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

**গভর্নর অফিস**

২৫ জ্যৈষ্ঠ ১৪৩০

জিও সার্কুলার লেটার নং-০১ তারিখ: ------------------
০৮ জুন ২০২৩

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান।

প্রিয় মহোদয়,

**প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ**
**ভ্রমণের তথ্য প্রেরণ প্রসংগে।**

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৬ তারিখ: ২৩ মার্চ ২০২০ এবং ডিএফআইএম সার্কুলার নং-০৫ তারিখ: ২৬ জুলাই ২০২১ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২. সূত্রোক্ত সার্কুলারদ্বয়ের মাধ্যমে বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার বহিঃবাংলাদেশ ভ্রমণের ক্ষেত্রে তাদের অনুপস্থিতকালীন সময়ে তাঁর স্থলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম, পদবী, দাপ্তরিক ফোন, সেল ফোন নম্বর ও ই-মেইল এড্রেস প্রধান নির্বাহীর কর্মস্থল ত্যাগের পূর্বে গভর্নর সচিবালয় এবং ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ/আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ কে অবহিত করার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয়।

৩. সম্প্রতি 'গভর্নর সচিবালয়' অবলুপ্ত করত বাংলাদেশ ব্যাংক প্রধান কার্যালয়ে **'গভর্নর অফিস'** গঠন করা হয়েছে বিধায় সূত্রোক্ত সার্কুলারদ্বয়ে বর্ণিত তথ্য নিয়মিতভাবে প্রেরণসহ সকল ধরনের পত্র যোগাযোগের ক্ষেত্রে পরিবর্তিত নাম ব্যবহারের জন্য আপনাদেরকে পরামর্শ প্রদান করা হলো।

৪. এতদ্ব্যতীত, সূত্রোক্ত সার্কুলারদ্বয়ের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ জয়নুল আবেদীন বশির)
অতিরিক্ত পরিচালক
ফোনঃ ৯৫৩০৪১১